(a) What is the word? (b) Do only words have meaning?
(b) Distinguish between conventional signs and natural signs.
(c) Distinguish between sign and symbol.

Ans (a) মানুষ্য সমাজে ভাষাই হল বিনিময়ের প্রধান মাধ্যম। যে কোন ভাষা শব্দ সমষ্টির দ্বারা গঠিত এবং বিশেষ ধরনের শব্দবিন্যাস বাক্যের অন্তর্গত। কিন্তু শব্দ কি? শব্দ হল অর্থের (meaning) ক্ষুদ্রতম একক (unit)। 'Cat' শব্দের একটি অর্থ আছে, কিন্তু শব্দটির অন্তর্গত অক্ষর — c, a, t - এর কোন অর্থ নেই। অক্ষরগুলি শব্দের অন্তর্গত এবং অক্ষর কিছু ক্ষেত্র ছাড়া এককভাবে তাদের অর্থ থাকে না। ব্যতিক্রম ক্ষেত্রে — যেমন - 'A', 'I' — অক্ষর গুলি একক ভাবে অর্থবহ হওয়ায় — দুটিকে শব্দ বলে গণ্য হয়।

কতকগুলি শব্দ আছে যা যৌগিক (compound), তারা একাধিক শব্দ দ্বারা গঠিত। যেমন 'Chairman' শব্দটি 'Chair' এবং 'Man' — শব্দদুটির সমন্বয়ে গঠিত। কিন্তু এক্ষেত্রে শব্দাংশ দুটি এককভাবে স্বতন্ত্র শব্দটির অর্থবহ। আমরা এক্ষেত্রে — পৃথক শব্দাংশের থেকে যৌগিক শব্দটির অর্থ নির্ধারণ করতে পারি না, যেমন 'Chairman' মানে 'চেয়ার মানুষ' অথবা 'চেয়ারে উপবিষ্ট মানুষ', বোঝায় না। ঐ যৌগিক শব্দটির একক ভাবে একটি স্বতন্ত্র অর্থ আছে — যেমন সভাপতি।

শব্দটি কি কেবল উচ্চারিত ধ্বনি মাত্র অথবা লিখিত কিছু চিহ্ন? শব্দ এমন যে যা নিজে অতিরিক্ত আরো কিছু। সেই আরো কিছু হলো শব্দের অর্থ। উচ্চারিত অর্থবহ ধ্বনি বা লিখিত চিহ্নই শব্দ।

অন্যান্য প্রতীক ভাষা (Sign language) — যা লিখিত বা উচ্চারিত হয় না — কেবল দৃষ্টি ইন্দ্রিয়গ্রাহ্য প্রকাশিত হয় তারও অর্থ আছে। যেমন হাসি, কান্না ইত্যাদি। সুতরাং প্রত্যেক শব্দেরই অর্থ আছে — একথা সত্য হলেও এর ঠিক না